মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের খাদ্যে ভেজাল বিরোধী মানববন্ধন ও লিফলেট বিতরণ

ভেজাল খাদ্য আমাদের স্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি। কৃত্রিম রঙ, রাসায়নিক সংযোজন, মেয়াদোত্তীর্ণ ও নিম্নমানের খাদ্য আমাদের দেহে ধীরে ধীরে বিষক্রিয়ার সৃষ্টি করছে। শিশু থেকে শুরু করে বয়স্ক পর্যন্ত সবাই ভেজাল খাদ্যের শিকার হচ্ছেন।

খাদ্যের এই ভেজাল রোধে জনসচেতনতা বাড়াতে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে মানববন্ধন ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৪ মার্চ) দুপুর ১২ টার দিকে মেহেরপুর শহরের শহীদ শামসুজ্জোহা পার্কের সামনে এই কর্মসূচি পালন করা হয়।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি কলেজ শিক্ষক এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে মানববন্ধনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন শুভসংঘের সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান ও সাহিত্য ও সাংস্কৃতি সম্পাদক উলমাতুন নেছা পূর্নিমা।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, বাঁচতে হলে খেতে হয়, আর খেতে হলে খাবারটা হতে হবে পরিচ্ছন্ন ও নিরাপদ। কিন্তু যখন সেই খাবার আমাদের অসুস্থতার কারণ হয়ে দাঁড়ায়, তখন স্বাস্থ্য ঠিক রাখা সত্যিকার অর্থেই বড় একটি সমস্যা হয়ে যায়।

বাংলাদেশে ভেজাল খাদ্য একটি ভয়াবহ বাস্তবতা। সবচেয়ে দুঃখজনক বিষয় হলো, শুধু সাধারণ খাদ্য নয়, ওষুধ পর্যন্ত ভেজাল মিশ্রিত হয়। এমনকি শিশু খাদ্যেও ভেজাল মেশানো হয়, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য মারাত্মক ক্ষতির কারণ হতে পারে। যে শিশু মানুষ হিসেবে গড়ে উঠতে পারেনি, তার খাবারে ভেজাল মেশানো হলে বড়দের খাবারের মান কতটা নিরাপদ বা অনিরাপদ, তা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। আমরা যা

খাচ্ছি, তা আসলেই খাদ্য, নাকি অখাদ্য এটি গভীরভাবে চিন্তার বিষয়। সময় উপযোগী এ ধরণের সচেতনতামূলত কর্মসূচী বাস্তবায়ন করায় শুভসংঘকে ধন্যবাদ জানাচ্ছি।

সভাপতির বক্তব্যে এস এম রফিকুল আলম বলেন, আমাদের সমাজের রন্ধ্রে রন্ধ্রে যেমন দুর্নীতি প্রবেশ করেছে, তেমনি খাদ্যে ভেজালও এক মহামারির মতো ছড়িয়ে পড়েছে। বিভিন্ন রাসায়নিক দ্রব্য ও বিষক্রিয়াযুক্ত খাদ্য গ্রহণের ফলে আমাদের স্বাভাবিক শারীরিক গঠন বাধাগ্রস্ত হচ্ছে এবং মানুষ জটিল থেকে জটিলতর রোগে আক্রান্ত হচ্ছে।

তিনি বলেন, এ পরিস্থিতি মোকাবিলায় মানুষকে সচেতন করতেই বসুন্ধরা শুভসংঘের আজকের এই আয়োজন। আমি সবাইকে আহ্বান জানাই, পবিত্র রমজান মাসে যেন আমরা সুস্থ, সতেজ ও বিষমুক্ত খাবার গ্রহণ করি। সবাইকে এ বিষয়ে সচেতন হতে হবে।

বিশেষ করে ব্যবসায়ী ভাইদের প্রতি আমার উদাত্ত আহ্বান এই পবিত্র মাহে রমজানে মানুষকে বিশুদ্ধ, সতেজ ও ভেজালমুক্ত খাবার সরবরাহ করুন। আপনার সামান্য সতর্কতা ও নৈতিকতার চর্চা সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় এসময় বসুন্ধরা শুভসংঘের সকল সদস্যরা অংশ নেন।

পরে, বসুন্ধরা শুভসংঘের সদস্যরা পথচারী ও ব্যবসায়ীদের হাতে লিফলেট তুলে দেন এবং কীভাবে ভেজাল খাদ্য চিহ্নিত করা যায় সে বিষয়ে পরামর্শ দেন।

মেহেরপুরে যাকাত, দান ও অনুদান সংগ্রহ কর্মসূচির উদ্বোধন

মেহেরপুরে দারিদ্র ও অসহায় রোগীদের কল্যাণার্থে পবিত্র মাহে

রমজান উপলক্ষে রোগী কল্যাণ সমিতির যাকাত, দান ও অনুদান সংগ্রহ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। যা চলমান থাকবে ৫ মার্চ থেকে ১৯ মার্চ পর্যন্ত।

বুধবার (৫ মার্চ) সকাল ১০টায় মেহেরপুর রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের আয়োজনে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে এই কর্মসূচির উদ্বোধনী করা হয়।

জেলা সমাজসেবা অফিসার ও উপ-পরিচালক মোঃ আশাদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেনারেল হাসপাতালের ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক ডাঃ ফজলুর রহমান, জেনারেল হাসপাতালের আরএমও ডাঃ এস. এম. কবীর, হাসপাতাল সমাজসেবা কর্মকর্তা মাহে জেবিন কেমি, প্রবেশন কর্মকর্তা মোঃ মিজানুর রহমান এবং মেহেরপুর সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ আনিসুর রহমান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন রোগী কল্যাণ সমিতির আজীবন সদস্য ডাঃ আব্দুস সালাম, সাইফুল ইসলাম, ইলিয়াস হোসেন, আসাদুজ্জামান সেলিম প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা সমাজসেবা (রেজি) অফিসার কাজী আবুল মনসুর। কোরআন তেলাওয়াত করেন আব্দুর রহমান।

এই কর্মসূচির মাধ্যমে দান, যাকাত ও অনুদান সংগ্রহ করে দরিদ্র ও অসহায় রোগীদের সাহায্য করা হবে।

গাংনীতে আ. লীগ নেতার অবৈধ গ্যাস ব্যবসায় ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার অপরাধে স্থানীয় আওয়ামী লীগ নেতা মো. জাহাঙ্গীর আলমকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মঙ্গলবার (৪ মার্চ) দুপুরে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের পক্ষ থেকে গাংনী উপজেলার তেরাইল বাজারের মেসার্স পরশ এন্টারপ্রাইজকে এই জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

তিনি জানান, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুসারে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার দায়ে মো. জাহাঙ্গীর আলমের প্রতিষ্ঠান মেসার্স পরশ এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়, যা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।
পাশাপাশি, দ্রুততম সময়ে প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার নির্দেশনা দেওয়া হয়েছে।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম, নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. রিয়াজ মাহমুদ ও জেলা পুলিশের একটি টিম।

মুজিবনগরে পুলিশের অভিযানে আওয়ামী লীগ নেতা গ্রেফতার

মেহেরপুর জেলার মুজিবনগর থানা পুলিশের বিশেষ অভিযানে একজন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল সোমবার রাত সাড়ে ৭ টার দিকে মুজিবনগরের বাগোয়ান ইউনিয়ন এলাকায় মুজিবনগর থানার এসআই (নিঃ) মোঃ আশরাফুল ইসলাম সংগীয় ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনা করেন।

অভিযানে বাগোয়ান ইউনিয়নের ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন মোল্লার ছেলে মোঃ খায়রুজ্জামান লাভলুকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

পরে উপজেলা ইট ভাটা মালিক সমিতির নেতৃবৃন্দরা উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা এবং পরিবেশ, বন ও পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা বরাবর একটি স্মারকলিপি প্রদান করেন।

উল্লেখ্য, পরিবেশ উপদেষ্টার ঘোষণার পর মেহেরপুরে জেলা প্রশাসনের প্রশাসনের অভিযানে বেশ কয়েকটি ভাটাতে জরিমানা আদায় ও ইটভাটাগুলো বন্ধের আদেশ দেন।

মেহেরপুর জেলায় ১০৮ টি ইটভাটা রয়েছে। কোনো ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেই। সবগুলোই অবৈধভাবে গড়ে উঠেছে।

মেহেরপুরে ইটভাটা চালু রাখার দাবিতে স্মারকলিপি প্রদান

ইটভাটায় প্রশাসনের অভিযানের প্রতিবাদ এবং এসব ইটভাটা চালু রাখার দাবিতে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেছে মেহেরপুর সদর উপজেলা ইট ভাটা মালিক সমিতি।

মঙ্গলবার (৪ মার্চ) বেলা সাড়ে ১২টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ে এই স্মারকলিপি প্রদান করা হয়। ইটভাটা মালিক সমিতির নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

মালিক সমিতির পক্ষ থেকে জানানো হয়, ইটভাটাগুলো এলাকার অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রশাসনের অভিযানের ফলে ব্যবসা বন্ধ হওয়ার শঙ্কা তৈরি হয়েছে, যা বহু শ্রমিকের জীবিকা হুমকির মুখে ফেলবে।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি এম এ নঈম, সাধারণ সম্পাদক মিলন খান, রাশেদুল ইসলাম ইরানী, জাহাঙ্গীর প্রমুখ।

[redacted]

“[redacted]” [redacted] [redacted] [redacted]

ইট প্রস্তুতকারী মালিক সমিতির প্রত্যয়নপত্র বাধ্যতামূলক করার প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার অনুরোধ করছি। ৬. ইটভাটাকে শিল্প হিসেবে ঘোষণা দেওয়ার দাবি জানাচ্ছি। ৭. ইটভাটা পরিচালনার জন্য দীর্ঘমেয়াদী পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করতে হবে।

এ সময় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি মশিউর রহমান ও সাধারণ সম্পাদক তছলিমুল ইসলাম।

তারা বলেন, “আমরা, বাংলাদেশের ইটভাটা মালিকগণ, বিগত ৩৫-৪০ বছর ধরে নানা প্রতিকূলতার মধ্যে দিয়ে ইটভাটা ব্যবসা পরিচালনা করে আসছি। দেশের রাস্তাঘাট, ঘরবাড়ি ও অবকাঠামো নির্মাণে ব্যবহৃত ইট সরবরাহ করে আমরা উন্নয়নের ধারা অব্যাহত রেখেছি।”

তারা আরও বলেন, “এই শিল্পে প্রায় ৫০ লাখ শ্রমিক কর্মরত আছে, যা ৫০ লাখ পরিবারের তথা প্রায় ২ কোটি মানুষের রুটি-রোজগারের ব্যবস্থা করেছে। ইটভাটা বন্ধ হয়ে গেলে এই শ্রমিকরা বেকার হয়ে পড়বে। এছাড়াও, প্রতিটি ইটভাটার বিপরীতে প্রায় ১ কোটি টাকার বেশি ব্যাংক ঋণ রয়েছে, যা প্রায় ৮ হাজার কোটি টাকার সমান। ইটভাটা বন্ধ হলে এই ঋণ অনাদায়ী থেকে যাবে।”

তারা আশাবাদ ব্যক্ত করেন, “মাননীয় প্রধান উপদেষ্টা সৈয়দা রেজওয়ানা হাসান অত্যন্ত আন্তরিক হলেও, বর্তমান আমলাতান্ত্রিক জটিলতার কারণে জিগজ্যাগ ইটভাটার সমস্যা সমাধান হচ্ছে না। আমরা আশা করছি, মাননীয় প্রধান উপদেষ্টা এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাধ্যমে ইটভাটা পরিচালনার একটি যৌক্তিক সমাধান হবে।”

গাংনীতে ইসলামী ব্যাংকের এজেন্ট শাখায় চুরি

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী বাজারে অবস্থিত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের এজেন্ট শাখায় দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

গতকাল সোমবার দিবাগত রাতের কোনো এক সময়ে চোরেরা ব্যাংকের জানালার গ্রিল কেটে ভেতরে প্রবেশ করে এবং ভল্ট ভেঙে ৮ লাখ ১০ হাজার টাকা লুট করে নিয়ে যায়।

এ ঘটনায় ব্যাংকের সিসিটিভি ক্যামেরার ডিভিআরও নিয়ে গেছে চোরেরা, ফলে চুরির সময়কার কোনো ভিডিও ফুটেজ পাওয়া যায়নি। তবে, ব্যাংক কর্তৃপক্ষ জানিয়েছে, গ্রাহকদের কোনো টাকা খোয়া যায়নি এবং তাদের লেনদেন স্বাভাবিকভাবে চলবে।

ঘটনার খবর পেয়ে মঙ্গলবার (৪ মার্চ) সকালে মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল এবং জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেন।

অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম বলেন, “গাংনী উপজেলার বামন্দী বাসস্ট্যান্ড সংলগ্ন নজরুল টাওয়ারের তৃতীয় তলায় অবস্থিত ইসলামী ব্যাংকের এজেন্ট শাখায় চুরির ঘটনা ঘটেছে। চোরেরা জানালার গ্রিল ও ব্যাংকের ভল্ট কেটে টাকা নিয়ে গেছে। ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ করা হয়েছে। তবে, ব্যাংকটিতে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা ছিল না, যা তদন্তে উঠে এসেছে।”

এ বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে তদন্ত চলছে এবং দ্রুত দোষীদের শনাক্ত করে আইনের আওতায় আনার আশ্বাস দেওয়া হয়েছে।

গাংনীতে ভোক্তার অভিযান, দুই প্রতিষ্ঠানকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে মেসার্স জননী স্টোর ও থ্রি স্টার ফিলিং স্টেশনকে ৩৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

সোমবার সকাল থেকে গাংনী উপজেলার বামুন্দী ও গাংনী বাজারে এই অভিযান পরিচালিত হয়। অভিযানে ঔষধ, সেমাই, গ্যাস এবং

নিত্যপ্রয়োজনীয় পণ্যের পাইকারি ও খুচরা পর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠান তদারকি করা হয়।

অভিযানে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ লঙ্ঘনের দায়ে মেসার্স জননী স্টোর-কে ৪,০০০ টাকা এবং থ্রি স্টার ফিলিং স্টেশন-কে ৩০,০০০ টাকা জরিমানা করা হয়, যা সর্বমোট ৩৪,০০০ টাকা আদায় করা হয়। দোকানে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে এই জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। সার্বিক সহযোগিতায় ছিলেন কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম, নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. রিয়াজ মাহমুদ এবং জেলা পুলিশের একটি টিম।

অভিযানের সময় ব্যবসায়ীদের ন্যায্যমূল্যে পণ্য বিক্রয়, অবৈধ মজুদ না করা, সঠিকভাবে মূল্য তালিকা প্রদর্শন, ক্রয়-বিক্রয় ভাউচার সংরক্ষণ এবং মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রি না করার নির্দেশনা দেওয়া হয়।

মেহেরপুরের সহ ২৯ সিভিল সার্জন ওএসডি

মেহেরপুরের সিভিল সার্জন ডা. মো. মহীউদ্দিন সহ দেশের ২৯ জন সিভিল সার্জনকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। রবিবার (২ মার্চ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের জারিকৃত প্রজ্ঞাপনে এ আদেশ দেওয়া হয়েছে। মন্ত্রণালয়ের উপসচিব সনজীদা শরমিন এতে সই করেছেন।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, বদলি বা পদায়নকৃত কর্মকর্তারা আগামী ৬ মার্চের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় ৯ মার্চ থেকে বর্তমান কর্মস্থল থেকে তাৎক্ষণিকভাবে অবমুক্ত হবেন মর্মে গণ্য হবেন।

ওএসডির আদেশ পাওয়া ২৯ জন সিভিল সার্জন হচ্ছেন,

১. বরিশালের সিভিল সার্জন ডা. মারিয়া হাসান, ২. কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. মো. আকুল উদ্দিন, ৩. শরিয়তপুরের সিভিল সার্জন ডা. আবুল হাদি মোহাম্মদ শাহ পরান, ৪. সিলেটের সিভিল সার্জন ডা. মনিসর চৌধুরী, ৫. নোয়াখালীর সিভিল সার্জন ডা. ইফতেখার, ৬. পিরোজপুরের সিভিল সার্জন ডা. মিজানুর রহমান, ৭. কক্সবাজারের সিভিল সার্জন ডা. আসিফ আহমেদ হাওলাদার, ৮. ঝালকাঠির সিভিল সার্জন ডা. এইচ এম জহিরুল ইসলাম, ৯. ফেনীর সিভিল সার্জন ডা. মো. শিহাব উদ্দিন, ১০. পাবনার সিভিল সার্জন ডা. শহীদুল্লাহ দেওয়ান, ১১. শেরপুরের সিভিল সার্জন ডা. মুহাম্মদ জসিম উদ্দিন, ১২. জামালপুরের সিভিল সার্জন ডা. মো. ফজলুল হক, ১৩. পটুয়াখালীর সিভিল সার্জন ডা. এস এম কবির হোসেন, ১৪. মেহেরপুরের সিভিল সার্জন ডা. মো. মহীউদ্দিন, ১৫. নেত্রকোণার সিভিল সার্জন ডা. অনুপম ভট্টাচার্য,
১৬. টাঙ্গাইলের সিভিল সার্জন ডা. মিনহাজ উদ্দিন মিয়া, ১৭. ঠাকুগাঁওয়ের সিভিল সার্জন ডা. নূর নেওয়াজ আহমেদ, ১৮. গাইবান্ধার সিভিল সার্জন ডা. কানিজ সাবিহা, ১৯. জয়পুরহাটের সিভিল সার্জন ডা. রুহুল আমিন, ২০. গাজীপুরের সিভিল সার্জনডা. মাহমুদা আখতার, ২১. কিশোরগঞ্জের সিভিল সার্জন ডা. সাইফুল ইসলাম, ২২. বরগুনার সিভিল সার্জন ডা. প্রদীপ চন্দ্র মন্ডল, ২৩. নওগাঁর সিভিল সার্জন ডা. নজরুল ইসলাম, ২৪. রংপুরের সিভিল সার্জন ডা. মোস্তফা জামান চৌধুরী, ২৫. নীলফামারীর সিভিল সার্জন ডা. হাসিবুর রহমান, ২৬. মানিকগঞ্জের সিভিল সার্জন ডা. মোকছেদুল মোমিন, ২৭. লালমনিরহাটের সিভিল সার্জন নির্মলেন্দু রায়, ২৮. পঞ্চগড়ের সিভিল সার্জন ডা. মোস্তাফিজুর রহমান এবং ২৯. কুড়িগ্রামের সিভিল সার্জন ডা. মনজুর এ মোর্শেদ।